

2017

ADVANCE BENGALI

Full Marks : 100

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১২=১২

(ক) শব্দার্থ লেখো :

অগোর ; কপোল।

(খ) “পৃথিবী বিশাল তারা জানিয়াছে, আকাশের সীমা নাই,”

এখানে ‘তারা’ বলতে কাদের বোঝানো হয়েছে?

(গ) “ক্লান্তশ্বাস ছুঁয়েছে আকাশ, মাটি ভিজে গেছে \_\_\_\_\_।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) নূতন রাজ্যশাসন বিষয়ে প্রজাগণের অভিপ্রায় অবগত হবার নিমিত্ত রাম কাকে নিযুক্ত করেছিলেন?

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের মতে ভারতের কবি মহাকাব্য কেন রচনা করেছেন?

(চ) বাঙালির ঘরের মেয়ে আজন্মকাল কোন্ শব্দটির সঙ্গে পরিচিত?

(ছ) “বুড়ো সমস্ত মাটি করিয়াছিল—আমার সাক্ষ্যে মকদমা রক্ষা পায়।”

—কার উক্তি?

(জ) ফেলনা কার পুত্র ছিল?

(ঝ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটির রচয়িতা কে?

(ঞ) বিদ্যাপতি কোন্ রাজসভার কবি ছিলেন?

(ট) মঙ্গলকাব্যের কালপর্ব কী?

(ঠ) কোন্ সনে ঘনরাম চক্রবর্তীর কাব্য মুদ্রিত হয়?



২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×১২=২৪

(ক) 'কাস্তে' কবিতাটির রচয়িতা কে? কাস্তে কাকে বলে?

(খ) "আমি তোর লাগি ফিরেছি বিবাগি গৃহহারা সুখহীন,  
তুই হেথা বসি ওরে রাক্ষসী, হাসিয়া কাটাস দিন।"

—উক্তিটি কে, কার উদ্দেশে বলেছে?

(গ) "তুহিন তুষার-শয়নে আমারে স্মরিছে বিরহাতুরা।"

—'আমারে' বলতে এখানে কাকে বোঝানো হয়েছে? 'বিরহাতুরা' কে?

(ঘ) "সমগ্র পর্বত ও বনস্থলীতে পূজার আয়োজন চলিয়াছে।"

—কে, কোন্ প্রসঙ্গে এই মন্তব্য করেছেন?

(ঙ) "গভীর জলধি কখনও অল্প কারণে আকুলিত হয় না।"

—কে, কার উদ্দেশে বলেছিল?

(চ) এপিক কাকে বলে? 'রামায়ণ' কী যথার্থ এপিকধর্মী কাব্য?

(ছ) রূপকথার রচয়িতার কোনো নামকরণ হয়নি কেন?

(জ) "দুই অসমবয়সী বন্ধুর মধ্যে পুরাতন সরল পরিহাস চলিতে থাকে।" দুই অসমবয়সী বন্ধু কারা?

(ঝ) "না, তুমি বড়ো ভালো মানুষ, তুমি কিছু বোঝ না; দাদা বললেন, 'লেখো', ভাই অমনি লিখে গেলেন।" 'দাদা' এবং 'ভাই' কারা?

(ঞ) বিজয়গুপ্ত কোন্ মঙ্গলকাব্যের কবি এবং তাঁর লেখা কাব্যটির নাম কী?

(ট) শ্রীচৈতন্যদেবের মাতা ও পিতার নাম কী ছিল?

(ঠ) 'ধর্মমঙ্গল' কাব্যে কোন্ কাহিনি দুটি সন্নিবেশিত হয়েছে?

৩। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

৪

"রাত্রির পথে পথে চলে কোনো নিষেধ জানে না মানার।

দিগন্ত থেকে দিগন্তে ছোটো রানার—

কাজ নিয়েছে সে নতুন খবর আনার।"

অথবা

"নতুন চাঁদের বাঁকা ফালিটি  
তুমি বুঝি খুব ভালোবাসতে?  
চাঁদের শতক আজ নহে তো  
এ-যুগের চাঁদ হ'লো কাস্তে!"

(খ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

৪

'সনেট' কবিতাটির প্রথম অংশের সঙ্গে দ্বিতীয় অংশের কোনো মিল আছে কী? বিশ্লেষণ করো।

অথবা

'উত্তরাধিকার' কবিতায় কবি কাকে, কেন এবং কিসের উত্তরাধিকারী বলেছেন, আলোচনা করো।

৪। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

৪

জিজ্ঞাসা করিলাম "কোথা হইতে আসিয়াছ নদী?" নদী সেই পুরাতন স্বরে উত্তর করিল, "মহাদেবের জটা হইতে।"

অথবা

আমরা বিদেশী, আমরা নিশ্চয় বলিতে পারি না গ্রীস তাহার সমস্ত প্রকৃতিকে তাহার দুই কাব্যে প্রকাশ করিতে পারিয়াছে কি না, কিন্তু ইহা নিশ্চয় যে, ভারতবর্ষ রামায়ণ-মহাভারতে আপনাকে আর কিছুই বাকি রাখে নাই।

(খ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

৪

দুর্মুখের মুখে সীতা-অপবাদ বৃত্তান্ত শুনে রামচন্দ্রের মনে যে বিচিত্র ভাব দেখা দিয়েছিল তা সংক্ষেপে বর্ণনা করো।

অথবা

"প্রকৃতপক্ষে দেখিতে গেলে রূপকথা অবাস্তব নহে, উহা একটি বাস্তবতার দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত।" আলোচনা করো।

৫। সংক্ষিপ্ত উত্তর দাও :

৪

(ক) "তাহাকে দেখিয়া কাবুলিওয়ালা প্রথমটা খতমত খাইয়া গেল।" কাকে দেখে কাবুলিওয়ালা খতমত খেয়েছিল এবং কেন?



অথবা

- (খ) 'খোকাবাবুর প্রত্যাবর্তন' ছোটগল্পটির রাইচরণ চরিত্রটি আলোচনা করো।
- ৬। (ক) 'গৌরান্দ্রবিষয়ক পদ' কবিতাটি অনুসরণে শ্রীগৌরান্দ্রের রূপমূর্তির একটি ভাষাচিত্র অঙ্কন করো।

৭

অথবা

- (খ) 'দুই বিধা জমি' কবিতার বিষয়বস্তু সংক্ষেপে বিবৃত করে এর নামকরণের সার্থকতা বিচার করো।
- ৭। (ক) রূপকথা আমাদের জীবনের উপর কিরূপ স্থায়ী প্রভাব বিস্তার করে সে সম্বন্ধে যা জান, লেখো।

৮

অথবা

- (খ) 'রামায়ণ' প্রবন্ধে রবীন্দ্রনাথের মূল বক্তব্যের সারসংক্ষেপ করো।
- ৮। (ক) রাইচরণ কীভাবে এবং কেন নিজের সন্তানকে তার প্রভুর গৃহে ফিরিয়ে দিয়েছিল, বিস্তারিতভাবে আলোচনা করো।

৮

অথবা

- (খ) 'রামকানাইয়ের নির্বুদ্ধিতা' ছোটগল্পটিতে নবদ্বীপ ও তার মায়ের উইলের ব্যাপারে ষড়যন্ত্রের বিস্তারিত পরিচয় দাও।
- ৯। (ক) বাংলা সাহিত্যে 'চর্যাগীতি'র ঐতিহাসিক ও সাহিত্যিক মূল্য নির্ধারণ করো।

৯

অথবা

- (খ) শাক্তপদকর্তা হিসেবে রামপ্রসাদ সেনের কবিকৃতির মূল্যায়ন করো।
- ১০। টীকা লেখো (যে কোনো তিনটি) : ৪×৩=১২
- জয়ানন্দের 'চৈতন্যমঙ্গল' ; গোবিন্দদাস ; মহাভারত ; দৌলতকাজী ; মালাধর বসু ; রূপরাম চক্রবর্তী।

\*\*\*